গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।
www.pressinform.portal.gov.bd

ন. ১৫.৫২.০০০০.০১১.১৬.১৯৭.১৩-২০২৮ তারিখ : ২২.০৬.২০১৭ খ্রিঃ

বিষয় : ইনোভেশন টিম-এর কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

ইনোভেশন টিম-এর কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা সভা প্রধান তথ্য অফিসার জনাব কামরুন নাহার-এর সভাপতিত্বে ২০.০৬.২০১৭ তারিখ বেলা ১১.০০ টায় অধিদফতরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচনার সূত্রপাত করেন। উপস্থিত ইনোভেশন টিমের সভাপতি ও সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৭ এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. ন.	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	প্রতি মাসে ১টি করে সভা আহ্বান	ইতোমধ্যে ০৬(ছয়)টি সভা অনুষ্ঠিত হয়েছে পরবর্তী মাসেও ধারাবাহিকভাবে সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন)
০২	বার্ষিক প্রতিবেদন	গতবারের ন্যায় ২০১৭ সালের বার্ষিক প্রতিবেদনও যথাসময়ে প্রেরণ করা হবে-মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন)
০৩	সংবাদ গতিধারা ই-মেইলে প্রেরণ (মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও সচিব মহোদয়গণ)	এ পর্যন্ত ১১১টির অধিক স্থানে ই-মেইল এর মাধ্যমে সংবাদ গতিধারা প্রেরণ করা হচ্ছে। আগামীতে হার্ডকপি প্রেরণ না করে এটি শুধুমাত্র ই-মেইলের মাধ্যমে প্রেরণের বিষয়টি দ্রুত বাস্তবায়নের তাগিদ দেয়া হয়।	সিনিয়র তথ্য অফিসার (প্রেসট্রেন্ড)
০৪	প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া হাউজ পরিদর্শন	ইতিপূর্বে ০২(দুই)টি মিডিয়া হাউজ পরিদর্শন করা হয়েছে। গত সভার সিদ্ধান্তের আলোকে সিনিয়র উপ-প্রধান তথ্য অফিসার (প্রেস)-জানান, পিআইডিতে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের আমন্ত্রণ জানানোর পরিবর্তে পিআইডি'র কর্মকর্তাগণ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় সরেজমিনে পরিদর্শন করলে সংবাদ সংগ্রহ/পরিবেশনার কাজটি প্রত্যক্ষ করতে পারেন এবং সম্যক অভিজ্ঞতা লাভ করতে পারেন । এক্ষেত্রে পিআইডি'র পক্ষ থেকেই মিডিয়া হাউজ পরিদর্শন করার উদ্যোগ অব্যাহত রাখার পক্ষে সভায় সিদ্ধান্ত হয়।	সি.উপ প্রধান তথ্য অফিসার (প্রেস)
০৫	পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য সংবাদ, আলোকচিত্র ও ফিচার সম্পাদনা বিষয়ক কর্মশালার আয়োজন (ত্রৈমাসিক)	দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে তথ্য অফিসার, সিনিয়র তথ্য অফিসার ও আলোকচিত্র শাখার কর্মকর্তা/ কর্মচারীদের নিয়ে ইতিপূর্বে ০১ (এক)টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এ ধারাবাহিকতায় জুলাই ২০১৭ এর ২য় সপ্তাহে আরো একটি সভা অনুষ্ঠানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিনিয়র উপ-প্রধান তথ্য অফিসার (প্রেস) জানান।	সি.উপ প্রধান তথ্য অফিসার (প্রেস)
০৬	এক্রিডিটেশন কার্ডধারী সাংবাদিকদের ডিজিটাল ডাটাবেজ তৈরি করা	অতিরিক্ত প্রধান তথ্য অফিসার সভায় জানান এক্রিডিটেশন কার্ডধারী সাংবাদিকদের ডিজিটাল ডাটাবেজ তৈরির কার্যক্রম চলমান। এ পর্যন্ত দুই হাজার ৬০০ জন সাংবাদিকদের ডাটাবেজ সম্পন্ন করা হয়েছে এবং আগামী জুলাই ২০১৭ এর মধ্যে কার্যক্রম সম্পন্ন হবে মর্মে সভায় জানান।	অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (চ.দা) / সি.উপ প্রধান তথ্য অফিসার (প্রটোকল)

চলমান পাতা/০২

ক্র. ন.	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০৭	বিতরণ শাখাকে ফ্রন্টডেস্ক হিসাবে চালু করা	বিতরণ শাখায় ফ্রন্টডেস্ক চালু হয়েছে। কম্পিউটার ও আনুষংগিক যন্ত্রপাতি বিতরণ কর্মকর্তার কক্ষে সংযোজন করা হয়েছে বর্তমান অর্থবছরে বাজেট বরাদ্দ শেষ হওয়ায় যন্ত্রপাতির (কম্পিউটার, স্ক্যানার, প্রিন্টার) নিরাপত্তার জন্য ফ্রন্ট ডেস্কে একটি তালাবদ্ধ সেলফ তৈরির ইতিপূর্বের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ২০১৭-২০১৮ অর্থবছরের বরাদ্দ আসলে কার্যক্রম সম্পন্ন করা হবে।	বিতরণ কর্মকর্তা (চ.দা)
০৮	ইনহাউজ ট্রেনিং(কর্মকর্তা/কর্মচারীদের)	প্রশিক্ষণ প্রদান সন্তোষজনক। ১৪.০৬.২০১৭ তারিখ পর্যন্ত ১৪৭৬০ জনঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কার্যক্রম চলমান।	উপ প্রধান তথ্য অফিসার (এফএন্ডপি)
০৯	ই-সেবা চালুকরণ (এক্রিডিটেশন কার্ড অনলাইনে পূরণ করে অনলাইনেই প্রেরণ)	অতিরিক্ত প্রধান তথ্য অফিসার জানান ই-সেবা চালু করার বিষয়টির কার্যক্রম গ্রহণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্প কর্মকর্তার সাথে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। কার্যক্রম চলমান।	অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (চ.দা)

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য-কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৬/২০১৭

কামরুন নাহার
প্রধান তথ্য অফিসার
ফোন : ৯৫৪৬০৯১
pio@pressinform.gov.bd

বিতরণ :

০১। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (চলতি দায়িত্ব), তথ্য অধিদফতর, ঢাকা।
০৩। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন,প্রটোকল প্রেস), তথ্য অধিদফতর, ঢাকা।
০৪। উপপ্রধান তথ্য অফিসার (এফ এন্ড পি,আর এন্ড আর), তথ্য অধিদফতর, ঢাকা।
০৫। আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী।
০৬। সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন, সমন্বয়, প্রটোকল, প্রেসট্রেন্ড, ক্লিপিংস, মিডিয়া সেন্টার) ,তথ্য অধিদফতর, ঢাকা।
০৭। প্রধান নিবন্ধ লেখক, তথ্য অধিদফতর, ঢাকা।
০৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সংবাদকক্ষ সকাল, বিকালের পালা, তথ্য অধিদফতর, ঢাকা।
০৯। প্রশাসনিক , ক্রয় , অতিরিক্ত হিসাব রক্ষণ ও বিতরণ কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা।
১০। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা (পিআইও মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। সংশিষ্ট নথি।